



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১০ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ

২৫ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

উপাচার্য মহোদয়ের সাথে ডিন, বিভাগীয় প্রধান ও সহকারী প্রক্টরবৃন্দের মতবিনিময়

বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ২৫ জুলাই ২০১৬ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে বিভিন্ন অনুষদের ডিন, ১৮ টি বিভাগের বিভাগীয় প্রধান ও সহকারী প্রক্টরবৃন্দের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। সভায় উপাচার্য মহোদয় সবার সম্মিলিত প্রয়াসে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ নির্মূলের দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে বলেন, ধর্মের নামে উগ্রতা কোন ভাবেই মেনে নেয়া যায় না। ইসলাম শান্তির ধর্ম, ইসলাম কখনও উগ্রতা, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদকে প্রশ্রয় দেয় না। কাজেই ধর্মের কথা বলে যারা মানুষ হত্যা করে সেই জঙ্গি সন্ত্রাসীদের নির্মূলে সবাইকে এক সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। উপাচার্য মহোদয় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ইতোমধ্যেই সিসি ক্যামেরার আওতায় এসেছে, অচিরেই ৩টি হল সহ অন্যান্য ভবনগুলোও সিসি ক্যামেরার আওতায় আসবে। এছাড়া প্রত্যেক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের বারকোড সম্বলিত ডিজিটাল আইডি কার্ড দেয়া হবে এবং বিশ্ববিদ্যালয় চলাকালীন সময়ে প্রত্যেকেই এই আইডি কার্ড গলায় পরে রাখার নির্দেশনা প্রদান করেন। একই সাথে ক্যাম্পাসে আগত দর্শনার্থীদের রেজিস্ট্রার খাতায় নাম লিপিবদ্ধ করারও নির্দেশনা দেন। উপাচার্য মহোদয় শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, এখন থেকে কোন শিক্ষার্থী যদি একাধারে ক্লাশে ৫ দিন অনুপস্থিত থাকে তাহলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিষয়ে ছাত্র উপদেষ্টাগণ টেলিফোন বা অন্য যে কোন মাধ্যমে তার অভিভাবকদের সাথে কথা বলতে হবে এবং সন্দেহজনক হলে প্রক্টরের মাধ্যমে থানায় জিডি করতে হবে। এছাড়াও গ্রুপ ডিস্কাসনের সময়ে শিক্ষার্থীরা কি বিষয়ে আলোচনা করছে সে বিষয়ও আপনাদেরকে খেয়াল রাখতে হবে। শ্রেণী কক্ষে পাঠদানের পাশাপাশি শিক্ষার্থীদেরকে দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বৃত্ত করতে হবে। উপাচার্য মহোদয় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে বলেন কোন অস্থিতিশীলতা বরদাশত করা হবে না। সভায় আগামী ১৮ ও ১৯ নভেম্বর অনুষ্ঠিতব্য ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নেয়ার সিদ্ধান্ত গ্রহন করা হয়। উপাচার্য মহোদয় আগামী ০১ আগষ্ট ২০১৬ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত জঙ্গিবাদ ও সন্ত্রাস বিরোধী মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিত থাকার আহবান জানান। উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. মুহসিন উদ্দীন, জীব বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মোঃ ফয়সল মাহমুদ রুমি)

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়